# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২৪/ ৩৭৯

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রি.

(স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত বিজ্ঞপ্তি)

## ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৪ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (probable list) ওয়েব সাইটে (hhps://sylhetboard.gov.bd) প্রদর্শন ২৯/১০/২০২৩ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ৩০/১০/২০২৩ থেকে ০৭/১১/২০২২ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠান সমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে student Management-eFF confirmation এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করতে হবে। Probable list Print করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটার এ প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) এরপর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ক্রমিক-৩) সোনালী ব্যাংকের যেকোন শাখায় সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে।

(ঙ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

(চ) বিলম্ব ফি সহ ১০/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ পর্যন্ত Online- এ ফরম পূরণ (eFF) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখঃ ০৮/১১/২০২৩ এবং বিলম্ব ফি সহ ১৪/১১/২০২৩ খ্রি. পর্যন্ত।

| ক্রমিক নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৩ সালের পরীক্ষার্থীগণের ২০২৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহনের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। | ২৯/১০/২০২৩ খ্রি. |
| (খ) | নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহন ও ফলাফল প্রকাশের শেষ তারিখ: | ২৬/১০/২০২৩ খ্রি. |
| (গ) | অনলাইনে ফরম পূরণ বিলম্ব ফি ছাড়া | ৩০/১০/২০২৩ হতে ০৭/১১/২০২৩ খ্রি. |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ: | ০৮/১১/২০২৩ খ্রি. |
| (ঙ) | **Finalization Date** | ০৯/১১/২০২৩ খ্রি. |
| (চ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ | ১০/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ খ্রি. |
| (ছ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ারশেষ তারিখ: | ১৪/১১/২০২৩ খ্রি. |
| (জ) | **Finalization Date** (বিলম্ব ফি এর ক্ষেত্রে) | ১৫/১১/২০২৩ খ্রি. |

**পরীক্ষার মাধ্যম:**

৪। বাংলা ও ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক ) এর নিকট হাতে হাতে ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান চাহিদাপত্র দাখিল করেছেন তাদের পুনরায় দাখিল করার প্রয়োজন নেই।

ছকঃ

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

(ক). ফি এর হার : (বোর্ডের প্রাপ্য)

| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (পত্র প্রতি | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) | অনুমতি ও তালিকা ভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) | রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী | বি.এন. সি. সি ফি (প্রতি পরীক্ষার্থী | অনলাইন ফি (পরীক্ষার্থী প্রতি) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৪০.০০ | ১০০.০০ | ---- | ---- | ১৫.০০ | ৫.০০ | | ২০.০০ | ৫.০০ | ৫.০০ | ৫০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০.০০ | ৩০.০০ | ৪০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ---- | ১৫.০০ | ৫.০০ | | ২০.০০ | ৫.০০ | ৫.০০ | ৫০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০.০০ | ৩০.০০ | ৪০.০০ | ---- | ১০০.০০ | ---- | ১৫.০০ | ৫.০০ | ৩০০.০০ | ২০.০০ | ৫.০০ | ৫.০০ | ৫০.০০ |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৪০.০০ | ১০০.০০ | ---- | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | | ২০.০০ | ৫.০০ | ৫.০০ | ৫০.০০ |

(খ) **কেন্দ্র ফি ঃ** (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে।

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে ঃ পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা। উল্লেখ্য, প্রত্যেক পরীক্ষার্থী থেকে আদায়কৃত ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) ৩০.০০ (ত্রিশ) টাকা থেকে ২০.০০ (বিশ) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে এবং অবশিষ্ট ১০.০০ (দশ) টাকা কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করতে হবে।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০.০০(দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদাকৃত অর্থ হবে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫.০০ (পঁচিশ) টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ৭.০০ (সাত) টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০.০০ (দশ) টাকা এবং প্রতিষ্ঠান ৮.০০ (আট) টাকা।

(৪) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

**(গ)** পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ (চব্বিশ) মাসের বেশি বেতন ও সেশন চার্জ নেয়া যাবে না।

৫. <u>নিয়মিত পরীক্ষার্থী:</u>

২০২২-২০২৩ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৬. <u>অনিয়মিত পরীক্ষার্থী:</u>

(ক) ২০২০ এবং ২০২১ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২২ এবং ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২২ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

**(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:**

২০১৯-২০২০ সালের রেজিঃধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০২৪ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

**(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া:**

'ঘ' এ উল্লিখিত রেজিস্ট্রশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে।

**ছক:**

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রেজি.নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হবে রেজি:কৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|

**৭. জিপি এ উন্নয়ন পরীক্ষার্থী:**

কেবল ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০(পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ হতে ৪.৯৪ প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৪ সালের পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের সত্যায়িত প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ পত্র আলাদা খামে বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট জমা দিতে হবে।

**৮. বহিষ্কৃত পরীক্ষার্থী:**

বহিষ্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শাস্তির মেয়াদ শেষ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে তার ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৯. চতুর্থ বিষয়ের সুবিধা:**

২০২০- ২০২১ ও ২০২১- ২০২২ সালের নিবন্ধনকৃত পরীক্ষার্থীরা ২০২২ ও ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০২০- ২০২১, ২০২১- ২০২২ সালের নিবন্ধনকৃত পরীক্ষার্থীরা যারা ২০২২ ও ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে চতুর্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

**১০. পাঠ্যসূচি:**

(ক) ২০২৪ সালের এসএসসি পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থী (নিয়মিত. অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীর ক্ষেত্রে শারিরীক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

**১১.নির্বাচনী পরীক্ষা:** জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

**১২. স্ক্রাইব নিয়োগ:**

দৃষ্টি প্রতিবন্ধী/অন্য শারীরিক প্রতিবন্ধী (যারা নিজ হাত দিয়ে লিখতে অক্ষম) পরীক্ষার্থীদের লেখক (স্ক্রাইব) অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত ছাত্র/ছাত্রীর বিবরণ ও দুই কপি সত্যায়িত ফটো এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য প্রবেশ পত্র প্রাপ্তির সাথে সাথে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে। এছাড়া অন্যান্য প্রতিবন্ধী পরীক্ষার্থীদের আবেদনও একই নিয়মে করতে হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী পরীক্ষার্থীদের স্ক্রাইব নিয়োগ/সময় বৃদ্ধির আবেদনের সাথে সমাজসেবা/সংশ্লিষ্ট রোগের চিকিৎসকের সনদ/প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

১৩. অন্য বোর্ডে রেজিঃকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে বিধি মোতাবেক অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৪. ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স ১লা জানুয়ারী, ২০২৪ তারিখে অনূর্ধ ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে। এ নিয়ম ভঙ্গ করে ফরম পূরণ করা হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৫. ছাড়পত্র ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা ওয়েব সাইটের TC/IMP বাটনে পাওয়া যাবে।

**বিঃদ্রঃ বোর্ডের নির্ধারিত ফি ব্যতিত কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না এবং বোর্ডের নির্ধারিত ফি এর সাথে অন্য কোন ফি সংযুক্ত করে আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন কাগজপত্রাদি বোর্ডে বিতরণ/গ্রহণ করা হবে না এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২৪ সালের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৭/১০/২০২৩

(প্রফেসর অরুণ চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
**ফোন: ০২৯৯৬৬৪৩৪৩৫**

১৭/১০/২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৪। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬। প্রতিষ্ঠান প্রধান, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক/উচ্চমাধ্যমিক (স্কুল এন্ড কলেজ) পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
৭। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৮। জেলা শিক্ষা অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৯। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১২। সংরক্ষণ নথি।

১৭/১০/২০২৩
(শরীফ আহাম্মেদ)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
**ফোন: ০২৯৯৬৬৪৩২৯৫**

১৭/১০/২০২৩